গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারকনং-১৬.০০.০০০০.০০৩.৪০.০২৫.২৫-৭৬০ তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২০ মে ২০২৫

**বিষয়: হজযাত্রীদের আবশ্যিকভাবে 'Labbaik' মোবাইল অ্যাপ ইনস্টল ও রেজিস্ট্রেশন এবং রোমিং সেবা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হজ ২০২৫ এ গত ২৯ এপ্রিল হতে হজযাত্রীদের সৌদি আরব গমন শুরু হয়েছে। ইতোমধ্যে ৬০ শতাংশ হজযাত্রী সৌদি আরব গমন করেছেন। হজযাত্রীদের বিভিন্ন চ্যালেঞ্জ ও সমস্যার সমাধানে এবং মানসম্মত সেবা প্রদানের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে 'Labbaik' নামক একটি আধুনিক প্রযুক্তিনির্ভর মোবাইল অ্যাপ প্রস্তুত করা হয়েছে যা গত ২৮ এপ্রিল ২০২৫ তারিখে মাননীয় প্রধান উপদেষ্টা উদ্বোধন করেন।

০২। হজযাত্রীদের সৌদি আরব গমনের পূর্বেই এ অ্যাপটি ইনস্টল এবং নিবন্ধন করার প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য প্রত্যেক লিড/সমন্বয়কারী এজেন্সির মালিক/প্রতিনিধি/মোনাজ্জেমগণ-কে পূর্বে অনুরোধ জানানো হয়। এক্ষণে, দেশে অবস্থিত অবশিষ্ট সকল হজযাত্রীর মোবাইলে 'Labbaik' অ্যাপ ইনস্টল এবং নিবন্ধনসহ রোমিং সুবিধা গ্রহণ নিশ্চিত করা প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, সকল লিড এবং সমন্বয়কারী এজেন্সিকে তাদের হজযাত্রীদের মোবাইলে রোমিং সেবা গ্রহণসহ আবশ্যিকভাবে 'Labbaik' অ্যাপ ইনস্টল ও নিবন্ধন নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। বিষয়টি অতীব জরুরী।

২০.৫.২৫

মামুন আল ফারুক
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
morahajsection@gmail.com

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/মোনাজ্জেম
২০২৫ সনের হজে অংশগ্রহণকারী সকল লীড এজেন্সি ও সমন্বয়কারী এজেন্সি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. প্রধান উপদেষ্টার মূখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mora.gov.bd তে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ )।
৬. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (পত্রটি হজের ওয়েবসাইট www.hajj.gov.bd তে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।

Scanned with CamScanner